অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/30/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল 15 মিলিয়ন মার্কিন ডলারের রেজিলিয়েন্সি অ্যান্ড ইকোনমিক ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভের (Resiliency and Economic Development Initiative, REDI) আঞ্চলিক ড্রেজিং ইনডিশিয়েটিভের ঘোষণা করেছেন যা অন্টারিও লেক বরাবর কমিউনিটিগুলিতে স্থিতিস্থাপকতা তৈরি করা অব্যাহত রাখে

অরলিন্স এবং ওয়েন কাউন্টিগুলিতে ড্রেজিং প্রকল্পগুলি চলছে

300 মিলিয়ন মার্কিন ডলারের স্থিতিস্থাপকতা এবং অর্থনৈতিক উন্নয়নের উদ্যোগে অন্তর্ভুক্ত তিন ধাপের ড্রেজিং প্রোগ্রামের অংশ হিসেবে ন্যাভিগেশন চ্যানেলগুলি নির্বাচিত

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে অরলিন্স কাউন্টির একটি নেভিগেশন চ্যানেল, ওক অর্চার্ড হারবারে ড্রেজিং চলছে, যা অন্টারিও হ্রদে প্রবেশের জন্য নৌকা যাত্রীদের দ্বারা ব্যবহৃত হয়। পলি, বালি এবং অন্যান্য ধ্বংসাবশেষ জমে ওক অর্চার্ড হারবারের মতো এলাকাগুলিতে সময়ের সাথে সাথে বাধা সৃষ্টি করতে পারে। ড্রেজিং প্রকল্পটি জলপথের নিচ থেকে জমে ওঠা পলি সরিয়ে দেবে যাতে পর্যটন অর্থনীতিকে সহায়তা করতে এবং এই অঞ্চলে বন্যপ্রাণী সংরক্ষণের জন্য জলযানের ক্রমাগত নিরাপদ যাতায়াত সম্ভব হয়। নেভিগেশন চ্যানেলের ড্রেজিং রাজ্যের স্থিতিস্থাপকতা এবং অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগ–এর মাধ্যমে 15 মিলিয়ন মার্কিন ডলারের আঞ্চলিক ড্রেজিং উদ্যোগের অংশ।

"লেক অন্টারিও বরাবর সম্প্রদায়গুলি গত কয়েক বছর ধরে চরম আবহাওয়া এবং বন্যার প্রভাবের সাথে লড়াই করতে বাধ্য হয়েছে এবং নিউ ইয়র্ক উপকূলরেখাকে শক্তিশালী করতে এবং 2019 এর পুনরাবৃত্তি আবার না হওয়ার জন্য তার ক্ষমতায় যা আছে তার সব কিছু করছে।" **গভর্নর হোচুল বলেন।** "এই ধরণের ড্রেজিং এবং স্থিতিস্থাপকতার প্রচেষ্টা গ্রহণের মাধ্যমে, আমরা কেবল মানুষকে নিরাপদই রাখছি এবং লেকফ্রন্ট বাড়ির মালিকদের মনকে শান্তি দিচ্ছি তাই নয়, তার সাথে উপকূলীয় আবাসস্থলের বন্যপ্রাণী রক্ষা এবং নৌকার যাত্রীদের জন্য নিরাপদ বিনোদনমূলক প্রবেশাধিকার তৈরি করে পর্যটন বাড়াতে সাহায্য করছি।"

ওক অর্চার্ড হারবার প্রকল্পটি যান্ত্রিক ড্রেজিং ব্যবহার করে প্রায় 8,400 ঘন গজ পলি অপসারণ করবে। যান্ত্রিক ড্রেজিং ভারী যন্ত্রপাতি ব্যবহার করে, যেমন একটি এক্সক্যাভেটর, জলাশয়ের বেড খনন করে এবং তারপর অতিরিক্ত নির্মিত পলি অপসারণ করার জন্য। ওক অর্চার্ড প্রকল্পের ড্রেজিং ফ্লিটের মধ্যে রয়েছে একটি বার্জ, এক্সক্যাভেটর এবং দুটি ডাম্প স্কো, সেই সাথে একটি টাগবোট এবং একটি কাজের নৌকা সামগ্রিক ক্রিয়কলাপে সহয়তা করার জন্য। সরানো পলি বন্দরের পূর্ব দিকে একটি নির্ধারিত নিকটবর্তী এলাকায় স্থাপন করা হবে।

জেনারেল সার্ভিসেস অফিসের (Office of General Services) কমিশনারের রোআন ডেস্টিটো বলেন, "গভর্নর হোচুলের অব্যাহত শক্তিশালী সমর্থন এবং নেতৃত্বের সাথে, আমরা জেনারেল সার্ভিসেস অফিসের REDI আঞ্চলিক ড্রেজিং উদ্যোগের অধীনে যে উল্লেখযোগ্য কাজ সম্পন্ন হচ্ছে তা নিয়ে পুরো বেগে এগিয়ে চলেছি। রাজ্য, ফেডারেল, স্থানীয় এবং বেসরকারি খাতের অংশীদারদের সাথে একত্রে কাজ করে, আমাদের প্রচেষ্টা বিনোদনমূলক নৌকারা যাত্রীদের উপকৃত করছে, স্থানীয় অর্থনীতিকে সমর্থন করছে এবং লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদীর তীরে বন্যপ্রাণীদের আবাসস্থল উন্নত করছে।"

নিউ ইয়র্ক রাজ্যের ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশনের (New York State Department of Environmental Conservation) কমিশনার এবং REDI-এর কো-চেয়ার বেসিল সেগোস বলেছেন, "ওক অর্চার্ড হারবারে ড্রেজিংয়ের কাজ শুরু হওয়া আজ নিউ ইয়র্ক রাজ্যের টেকসই বিনিয়োগ এবং অরলিন্স কাউন্টিতে পরিকাঠামোগত উন্নতির একটি গুরুত্বপূর্ণ মাইলফলক যা লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদীর তীর জুড়ে সম্প্রদায়গুলির সুরক্ষা জোরদার করছে এবং নিউ ইয়র্কের সম্প্রদায়গুলিকে শক্তিশালী, বুদ্ধিমান, এবং আরো স্থিতিস্থাপকতার সাথে পুনর্গঠন করতে সহায়তা করছে। গভর্নর হোচুলের REDI বিশেষজ্ঞদের টীম ড্রেজিং প্রকল্পগুলিকে এগিয়ে নিয়ে যাচ্ছে যা সমগ্র অঞ্চলে বন্দরের নৌ চলাচলকে উন্নত করে।"

রাজ্যের পার্কের কমিশনার (State Parks) এরিক কুলসেইড বলেছেন, "এই ড্রেজিংয়ের প্রকল্পগুলি আঞ্চলিক নৌযানের সম্প্রদায়ের জন্য একটি মহান নৌ চলাচলের সুবিধা হবে, যা অন্টারিও লেক এবং সেন্ট লরেন্স নদীর পর্যটন এবং বিনোদনমূলক অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ অংশ। এই মৌসুমে এই প্রকল্পগুলির মধ্যে নায়াগ্রা কাউন্টির গোল্ডেন হিল স্টেট পার্কে নৌকা চালু করার পুনরায় খুলতে দেয়, যা পলি জমার কারণে বন্ধ ছিল। এই বিনিয়োগের যে ফলে সুবিধা পাওয়া যাবে তা আগামী বহু বছর ধরে চলবে।"

গভর্নর হোচুল এও ঘোষণা করেন যে ওয়েন কাউন্টিতে দুটি অতিরিক্ত ড্রেজিংয়ের প্রকল্প চলছে। পুল্টনেভিল হারবারের প্রকল্পটি (Pultneyville Harbor project) যান্ত্রিক ড্রেজিং ব্যবহার করে ফেডারেল ন্যাভিগেশন চ্যানেল থেকে প্রায় 4,000 ঘন গজ পলি অপসারণ করবে। ড্রেজিং বহরে একটি বার্জ, বার্জের উপর একটি এক্সক্যাভেটর, দুটি ডাম্প স্কো এবং একটি টাগবোট অন্তর্ভুক্ত রয়েছে। সোডাস বে থেকে দুই মাইল উত্তর-পূর্বে একটি ফেডারেল খোলা হ্রদ প্লেসমেন্ট এলাকার মধ্যে পলি স্থাপন করা হবে। বিয়ার ক্রিক হারবারের প্রকল্প জলপথ থেকে প্রায় 600 ঘন গজ পলি সরিয়ে দেবে। এই স্থানে ড্রেজিং করা হবে এবং পুল্টনেভিল হারবার সাইটের মতো একই সরঞ্জাম ব্যবহার করা হবে। বন্দর থেকে ড্রেজ করা পলি বন্দরটির পূর্ব দিকে লেকের একটি সংজ্ঞায়িত এলাকায় স্থাপন করা হবে।

সিনেটর রবার্ট ওর্ট বলেছেন, "আমি নিউ ইয়র্ক রাজ্য এবং লেক অন্টারিও REDI কমিশনকে সাধুবাদ জানাই যে অন্টারিও লেকের দক্ষিণ তীরের শহর এবং বন্দরগুলিতে বন্দরের ড্রেজিংয়ের সমস্যা চিহ্নিত এবং সক্রিয়ভাবে সমাধান করার জন্য। এই শহরগুলির অনেকের জন্য, তাদের বন্দরগুলি শহরটি পর্যটন এবং অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে বেঁচে থাকতে সক্ষম থাকার কারণ, এবং এই বন্দরগুলি অ্যাক্সেস করার ক্ষমতা তাদের অস্তিত্বের জন্য অত্যাবশ্যক।"

সিনেটর পামেলা হেলমিং বলেন, "নিউ ইয়র্ক রাজ্য স্থানীয় পরিকাঠামোকে শক্তিশালী করার জন্য গুরুত্বপূর্ণ বিনিয়োগ করেছে যা আমাদের উপকূলীয় সম্প্রদায়ের অর্থনৈতিক স্থিতিশীলতা এবং বৃদ্ধির জন্য অপরিহার্য। এই প্রকল্পগুলি আমাদের কাউন্টি এবং শহর, রাজ্য এবং REDI কমিশনের মধ্যে একটি গুরুত্বপূর্ণ অংশীদারিত্বের প্রতিনিধিত্ব করে। আমি জড়িত সবাইকে তাদের অব্যাহত কঠোর পরিশ্রম এবং প্রতিশ্রুতির জন্য ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলিম্যান স্টিভ হাওলি বলেন, "ওক অর্চার্ড হারবার REDI ড্রেজিংয়ের প্রকল্প চালু হওয়া এক বড় খবর কার্লটন এবং লেক অন্টারিও সম্প্রদায়ের অধিবাসীদের জন্য। এটি এই আশ্বাস দেবে যে বন্দরটি জাহাজগুলিকে তার মধ্য দিয়ে নিরাপদে যেতে দেবে এবং আমাদের আঞ্চলিক অর্থনীতিকে ক্রমবর্ধমান রাখবে।"

অরলিন্স কাউন্টির লেজিসলেচারের চেয়ারম্যান লিন জনসন বলেছেন, "আমরা যখন অন্টারিও হ্রদের উপকূলে বিনোদনমূলক ক্রিয়াকলাপগুলিকে সমর্থন ও প্রচারের উপায় খুঁজি, তখন ওক অর্চার্ড হারবারের ড্রেজিং বন্দরের মধ্যে 400টিরও বেশি নৌকার স্লিপ এবং বন্দরের এবং 6টি লঞ্চ লেনের অ্যাক্সেস প্রদানের জন্য গুরুত্বপূর্ণ। লেক অন্টারিও রেসিলেন্সি অ্যান্ড ইকোনমিক ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ কর্তৃক গৃহীত এই প্রকল্পটি কার্লটন এবং অরলিন্স কাউন্টির মধ্যে স্থানীয় মাছ ধরার, নৌকাচালনা এবং পর্যটন কার্যক্রমের সাফল্যে অবদান রাখার জন্য নৌ-চলাচলের নৌপথে প্রবেশাধিকার বজায় রাখার জন্য গভর্নরের অঙ্গীকারকে প্রদর্শন করে।"

অন্টারিও শহরের সুপারভাইজার ফ্র্যাঙ্ক রোবাস্টো- "REDI প্রোগ্রাম ভবিষ্যতে বন্যার ঘটনাগুলির জন্য প্রস্তুতিতে অন্টারিও হ্রদের তীরবর্তী পৌরসভাগুলিকে সহায়তা প্রদান অব্যাহত রেখেছে। বিয়ার ক্রিকের ড্রেজিং নিশ্চিত করবে যে বন্দরটি দর্শনার্থী এবং যারা অন্টারিও শহরকে নিজের বাড়ি বলেন তাদের উভয়ের জন্যই খোলা এবং নিরাপদ থাকবে। রাজ্যের সঙ্গে অব্যাহত অংশীদারিত্বের জন্য আমরা কৃতজ্ঞ।"

আজ অবধি, রাজ্য নয়টি REDI ড্রেজিংয়ের প্রকল্প সম্পন্ন করেছে এবং প্রায় 41,750 ঘন গজ পলি অপসারণ করেছে, যাতে বিনোদনমূলক নৌকাযাত্রীরা অন্টারিও হ্রদ এবং সেন্ট লরেন্স নদীতে নিরাপদ প্রবেশাধিকার পায়। সমাপ্ত ড্রেজিং প্রকল্পগুলির মধ্যে রয়েছে ওয়েন কাউন্টির পোর্ট বে, ব্লাইন্ড সোডাস বে এবং ইস্ট বে, ওসওয়েগো কাউন্টিতে স্যান্ডি পন্ড ইনলেট এবং স্যালমন রিভার/পোর্ট অন্টারিও, মনরো কাউন্টিতে আয়রনডেকোইট বে এবং ব্র্যাডক বে, কায়ুগা কাউন্টিতে লিটল সোডাস বে এবং নায়াগ্রা কাউন্টির গোল্ডেন হিল স্টেট পার্ক।

প্রথম এবং দ্বিতীয় পর্যায়ের মাধ্যমে, ড্রেজিংয়ের উদ্যোগটি 20টি হারবারের নেভিগেশন চ্যানেলের প্রয়োজনীয় ড্রেজিংয়ের মোকাবেলা করছে। প্রকল্প সমাপ্ত হলে, 100,000 ঘন গজ পলি ড্রেজ করা হবে বলে আশা করা হচ্ছে।

ভবিষ্যতের আঞ্চলিক ড্রেজিং উদ্যোগের সাইটগুলির মধ্যে রয়েছে:

- নিয়াগারা কাউন্টি: ওলকট হারবার
- অরলিন্স কাউন্টি: জনসন ক্রিক

- মনরো কাউন্টি: স্যান্ডি ক্রিক, লং পন্ড আউটলেট
- জেফারসন কাউন্টি: ক্লেটন ফ্রেঞ্চ ক্রিক মেরিনা, হেন্ডারসন "দ্য কাট"
- সেন্ট লরেন্স কাউন্টি: ওগডেনসবার্গ "সিটি ফ্রন্ট চ্যানেল," মরিসটাউন নেভিগেশন চ্যানেল

তৃতীয় পর্যায় চলাকালীন, রাজ্য কাউন্টিগুলিকে সময়ের সাথে চালু রাখতে একটি বিদ্যমান আঞ্চলিক ড্রেজিং ম্যানেজমেন্ট প্ল্যান আপডেট, সম্প্রসারণ এবং বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সরবরাহ করবে।

অন্টারিও হ্রদ এবং সেন্ট লরেন্স নদীর তীরে বন্যার প্রসারিত ধাঁচের প্রতিক্রিয়ায়, REDI তৈরি করা হয়েছিল যাতে উপকূলীয় সম্প্রদায়ের স্থিতিস্থাপকতা বৃদ্ধি পায় এবং এই অঞ্চলে অর্থনৈতিক উন্নতি মজবুত হয়। আটটি কাউন্টি, নায়াগ্রা এবং অরলিন্স, মনরো, ওয়েন, কায়ুগা এবং ওসওগো এবং জেফারসন এবং সেন্ট লরেন্সের প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত পাঁচটি REDI আঞ্চলিক পরিকল্পনার কমিটি স্থানীয় অগ্রাধিকার, ঝুঁকিপূর্ণ পরিকাঠামো এবং অন্যান্য সম্পদ এবং জননিরাপত্তা চিহ্নিত করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল।

REDI কমিশন বাড়ির মালিকদের সহায়তার জন্য 20 মিলিয়ন ডলার, ব্যবসার স্থিতিস্থাপকতা উন্নত করার জন্য 30 মিলিয়ন ডলার এবং আঞ্চলিক ড্রেজিং প্রচেষ্টার জন্য 15 মিলিয়ন ডলার বরাদ্দ করেছে যা REDI অঞ্চলের আটটি কাউন্টির প্রত্যেককে উপকৃত করবে। অবশিষ্ট 235 মিলিয়ন মার্কিন ডলার স্থানীয় এবং আঞ্চলিক প্রকল্পের জন্য বরাদ্দ করা হয়েছে যা REDI মিশনের অগ্রগতিতে সহায়তা করে এবং তাকে দৃষ্টান্তমূলক করে।

REDI আঞ্চলিক ড্রেজিং প্ল্যান, প্রকল্পের প্রোফাইল এবং REDI সংবাদের উপর অতিরিক্ত তথ্যের জন্য ক্লিক করুন এখানে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন